গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নং- ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৯.২২-২৩৬

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪৩০
২০ ফেব্রুয়ারি ২০২৪

**বিষয়ঃ মন্ত্রিসভা-বৈঠকে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত।**

সূত্র: ১. এ বিভাগের সমন্বয় ও কাউন্সিল শাখার স্মারক নং-৪৩, তারিখ: ১৫ ফেব্রুয়ারি, ২০২৪খ্রি.।
২. আধা-সরকারি পত্র নং-০৪.০০.০০০০.৩১১.০৬.১০১.২৪.৪৫ (৫২), তারিখ: ০১ ফেব্রুয়ারি, ২০২৪খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৫ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত সরকারের বর্তমান মেয়াদে প্রথম মন্ত্রিসভা-বৈঠকে সকলের প্রতি মাননীয় প্রধানমন্ত্রী কতিপয় নির্দেশনা প্রদান করেছেন (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, মন্ত্রিসভা-বৈঠকে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২০/০২/২০২৪
মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র/প্রশাসক
--------------------পৌরসভা (সকল)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. উপসচিব (সমন্বয় ও কাউন্সিল শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. অফিস কপি

**অতি জরুরি**

স্থানীয় সরকার বিভাগ
**সমন্বয় ও কাউন্সিল শাখা**

বিষয় : মন্ত্রিসভা-বৈঠকে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: আধা-সরকারি পত্র নম্বর ০৪.০০.০০০০.৩১১.০৬.১০১.২৪.৪৫(৫২), তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০২৪

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত সূত্রোক্ত আধা-সরকারি পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৫ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত সরকারের বর্তমান মেয়াদে প্রথম মন্ত্রিসভা-বৈঠকে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত সকলের প্রতি মাননীয় প্রধানমন্ত্রী নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন :

১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অংশীজনের সংগে সমন্বয় করে মুদ্রাস্ফীতি ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২) পবিত্র রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহ স্বাভাবিক রাখার জন্য আশু ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩) নির্বাচনী ইশতেহার ২০২৪-এ বর্ণিত প্রতিশ্রুতিসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিকতার সংগে সমন্বিতভাবে পদক্ষেপ গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়/বিভাগসমূহ জাতীয় বাজেট প্রণয়নকালে নির্বাচনী ইশতেহার ২০২৪ বিবেচনায় রাখবে;

৪) কৃষি উৎপাদন বৃদ্ধি এবং খাদ্য পণ্য সংরক্ষাণাগার নির্মাণে অগ্রাধিকার প্রদান করতে হবে;

৫) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের চারটি স্তম্ভ স্মার্ট সিটিজেন, স্মার্ট সরকার, স্মার্ট অর্থনীতি এবং স্মার্ট জনগণ নিশ্চিত করতে নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগে করণীয় চিহ্নিত করে তা বাস্তবায়ন করবে;

৬) নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রকল্পের উপকারিতা/দেশের জনগণের কল্যাণকে অগ্রাধিকার প্রদান করতে হবে। বিদেশি ঋণ/সহায়তা গ্রহণকালীন যথাযথভাবে সম্ভাব্যতা যাচাই করতে হবে। এছাড়া, চলমান প্রকল্পসমূহ বিশেষ করে যেগুলির বাস্তবায়ন সর্বশেষ পর্যায়ে রয়েছে সেগুলির প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে;

৭) সরকারি ক্রয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। দুর্নীতি প্রতিরোধে 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করতে হবে;

৮) সামাজিক নিরাপত্তা কর্মসূচি প্রকৃত উপকারভোগীর নিকট পৌছানো নিশ্চিত করতে হবে;

৯) সরকারের শূন্য পদসমূহে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১০) নারী উন্নয়ন ও ক্ষমতায়নে সাফল্যের ধারা অব্যাহত রাখতে হবে;

১১) রপ্তানী বহুমুখীকরণ, নতুন নতুন বাজার অনুসন্ধান ও প্রবেশে সহায়তা করতে হবে;

১২) গার্মেন্টস সেক্টরের ন্যায় চামড়া ও চামড়াজাত পণ্য, পাট ও পাটজাত পণ্য এবং কৃষিজাত পণ্য বিষয়ক শিল্প বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

*চলমান-২ পৃষ্ঠা*

১৩) শিক্ষাকে কর্মমুখী করার লক্ষ্যে আইসিটি শিক্ষাকে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে;

১৪) যুবসমাজকে খেলাধুলা এবং শিল্প সংস্কৃতি চর্চায় উৎসাহ প্রদানের মাধ্যমে তাদের মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ হতে বিরত রাখতে হবে;

১৫) অগ্নিসন্ত্রাস ও নাশকতার বিরুদ্ধে সমন্বিতভাবে কার্যক্রম গ্রহণ করতে হবে।

২। এমতাবস্থায়, মন্ত্রিসভা-বৈঠকে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত সকলের প্রতি মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত নির্দেশনাসমূহ প্রতিপালনে অনুবিভাগ পর্যায়ে সভা করে নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১ পাতা ।

১৫.০২.২০২৪

(মোঃ হাবিবুর রহমান)
উপসচিব
ফোন : ০২-৯৫৪৫৪১৫
ই-মেইল councillgd@lgd.gov.bd

অতিরিক্ত সচিব/মহাপরিচালক/যুগ্মসচিব (সকল অনুবিভাগ)
স্থানীয় সরকার বিভাগ।

**অনুলিপি :**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

---

ইউ.ও.নোট নং-৪৬.০০.০০০০.০৩৮.০০৩.০০৪.২০২৪-৪৩ তারিখ: ১৫/০২/২০২৪